

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৩৩৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪০ : পিতা-মাতার সাথে সদ্ব্যবহার এবং আত্মীয়তা অক্ষুণ্ণ রাখার গুরুত্ব

بَابُ بَرِّ الْوَالِدَيْنِ وَصِلَةِ الْأَرْحَامِ – (40)

আরবী

وَعَنْ أَبِي ذَرٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّكُمْ سَتَفْتَحُونَ أَرْضاً يُذَكَّرُ فِيهَا الْقِيرَاطُ». . وفي رواية: «سَتَفْتَحُونَ مِصْرَ وَهِيَ أَرْضٌ يُسَمَّى فِيهَا الْقِيرَاطُ، فَاسْتَوْصُوا بِأَهْلِهَا خَيْراً ؛ فَإِنَّ لَهُمْ ذِمَّةً وَرَحِمًا» وفي رواية: «فَإِذَا افْتَتَحْتُمُوهَا، فَأَحْسِنُوا إِلَى أَهْلِهَا ؛ فَإِنَّ لَهُمْ ذِمَّةً وَرَحِمًا»، أَوْ قَالَ: «ذِمَّةٌ وَصِهَاً». رواه مسلم

বাংলা

১৭/৩৩৩। আবু যার' রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা অদূর ভবিষ্যতে এমন এক এলাকা জয় করবে, যেখানে কীরাত্ব (এক দ্বীনারের ২০ ভাগের একভাগ স্বর্ণমুদ্রা) উল্লেখ করা হয়।" অন্য এক বর্ণনায় আছে, "তোমরা অচিরে মিসর জয় করবে এবং এটা এমন ভূখণ্ড যেখানে কীরাত্ব (শব্দ) সচরাচর বলা হয়। (সেখানে ঐ মুদ্রা প্রচলিত।) তোমরা তার অধিবাসীদের সাথে ভাল ব্যবহার করো। কেননা, তাদের প্রতি (আমাদের) দায়িত্ব (অধিকার ও মর্যাদা) এবং আত্মীয়তা রয়েছে।"

অন্য এক বর্ণনায় আছে, "সুতরাং যখন তোমরা তা জয় করবে, তখন তার অধিবাসীর প্রতি সদ্ব্যবহার করো। কেননা, তাদের প্রতি (আমাদের) দায়িত্ব (অধিকার ও মর্যাদা) এবং আত্মীয়তা রয়েছে।" অথবা বললেন, "দায়িত্ব (অধিকার ও মর্যাদা) এবং বৈবাহিক সম্পর্ক রয়েছে।" (মুসলিম)[1]

* উলামাগণ বলেন, তাদের সাথে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আত্মীয়তা এভাবে যে, ইসমাঈল এর মা হাজার (বা হাজেরা) তাদেরই বংশের ছিলেন। বৈবাহিক সম্পর্ক এভাবে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পুত্র ইব্রাহীমের মা মারিয়াহ তাদের বংশের ছিলেন।

English

(40) Chapter: Kind Treatment towards Parents and establishment of the ties of Blood Relationship

Abu Dharr (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "You will soon conquer a land where people deal with Qirat."

And according to another version: Messenger of Allah (ﷺ) said, "You will soon conquer Egypt where Al-Qirat is frequently mentioned. So when you conquer it, treat its inhabitants well. For there lies upon you the responsibility because of blood ties or relationship (with them)".

[Muslim].

Commentary: In this Hadith, the Prophet (PBUH) has urged his Companions to treat the Egyptians nicely for the reason of maintaining the ties of kinship and for the fact that Egypt was the country of his in-laws (Mariyah, themother of Ibrahim, and one of the Prophet's wives was from that place). This is why this Hadith has been included in the present chapter which deals with the subject of maintaining the ties of kinship. This Hadith is also a Prophecy of the Prophet (PBUH) due to the fact that the prophecy he had made came true. A short time after his death, Egypt became part of the Muslim empire.

ফুটনোট

[1] মুসলিম ২৫৪৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22764>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন